



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jashoreboard.gov.bd

স্মারক নং- বিঅ-৬/৬০৩১/২৬০

তারিখ : ২০-০৬-২০২২ খ্রি.

বিষয় : চূড়ান্ত বরখাস্তের আবেদন মঞ্জুর প্রসঙ্গে

- সূত্র : ক) বিগত ১৬-০৬-২০২২ খ্রি. তারিখের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৮০তম সভার ০৩ নং আলোচ্যসূচির সিদ্ধান্ত
 খ) ১৩-০৬-২০২২ খ্রি. তারিখের দুর্নীতি দমন কমিশন এর ০০.০১.০০০০.৫০২.০৩.০৫৯.১৯-২১৮৩৭ নং স্মারক পত্র
 গ) ২৯-০৫-২০২২ খ্রি. তারিখের পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) এর পিবিআই/যশোর/২৩৪৬ নং স্মারক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন রুদ্রপুর মাধ্যমিক বিদ্যালয়ের সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মুনাল কান্তি সরকার যেহেতু ; আপনি-

- আঞ্চলিক উপ-পরিচালক জনাব নিভা রানী পাঠকের সামনে দেয়া বক্তব্যে ০২ (দুই) জন শিক্ষককে নিয়োগ দেওয়ার জন্য ভূয়া সিলেকশন কমিটি গঠন করেছিলেন। স্কুল কমিটি এবং সরকারি কর্মকর্তাদের স্বাক্ষর জাল করে তাদের নিয়োগ দিয়ে ও এমপিও করার জন্য সরকারি কর্মকর্তাদের স্বাক্ষর জাল করে আঞ্চলিক উপ-পরিচালক খুলনার অফিসে ধরা পড়ে স্বহস্তে লিখিত মুচলেকা দিয়ে ক্ষমা প্রার্থনা করেছিলেন।
- সাময়িক বরখাস্ত থাকায় তিনি দ্রুত চাকুরিতে যোগদানের উদ্দেশ্যে দুর্নীতি দমন কমিশনের প্রধান কার্যালয়ের ০২টি (দুই) ভূয়া চিঠি সংগ্রহ করে হাইকোর্ট থেকে ০২টি (দুই) রীট মামলা করে তার অনুকূলে আদেশ সংগ্রহ করেছিলেন।
- উভয় বিষয়ে পিবিআই তার বিরুদ্ধে ০২টি (দুই) মামলা করে আদালতে চার্জশীট দিয়েছে।

উল্লিখিত ০৩টি অভিযোগের বিষয়ে ৭৯তম আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির সভায় উপস্থিত হয়ে সদস্যদের সামনে জনাব মুনাল কান্তি সরকার আপত্তি উত্থাপন করলে উক্ত রেকর্ডপত্র পর্যালোচনা ও পরীক্ষা নিরীক্ষা করার জন্য ০২ (দুই) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত প্রতিবেদন দাখিল হয়েছে। দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা-এর স্মারক নং ০০.০১.০০০০.৫০০.৫০.০০৯.২০.৯.১৭৮/১(৭) তারিখ ০৬-০৭-২০২০ খ্রি. এবং স্মারক নং ০০.০১.০০০০.৫০০. ৫০.০০৯. ২০.৯.১৭৮/১(৭) তারিখ ৩০-১০-২০২০ খ্রি. মূলে ০২টি ভূয়া পত্র এবং গত ৩১-০১-২০২২ খ্রি. তারিখে ০০.০১.০০০০.৫০২.০৩. ০৫৯.১৯-৪৬০৫ নং স্মারকপত্রটি সঠিক। পিবিআই এর রিপোর্ট এবং জনাব নিভা রাণী পাঠক তাঁর নিকট জনাব মুনাল কান্তি সরকার, প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত), রুদ্রপুর মাধ্যমিক বিদ্যালয়-এর দাখিলকৃত অঙ্গীকারনামা বিষয়ে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই), যশোরকে জবানবন্দি দিয়েছেন মর্মে প্রমাণিত হয়েছে। এমতাবস্থায়, সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মুনাল কান্তি সরকার এর বিরুদ্ধে বিদ্যালয় কর্তৃপক্ষের উত্থাপিত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বাদীর চূড়ান্ত বরখাস্তের আবেদনটি মঞ্জুর করার সর্বম্বত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বিষয়টি নির্দেশক্রমে আপনাকে অবহিত করা হলো।

সভাপতি, এডহক/ম্যানেজিং কমিটি
রুদ্রপুর মাধ্যমিক বিদ্যালয় (১১৫৯৯৫)
ডাকঘর : রুদ্রপুর, উপজেলা: যশোর সদর, জেলা : যশোর

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন : ০২৪৭৭৬২৭০৫
তারিখ : ২০-০৬-২০২২ খ্রি.

স্মারক নং-বিঅ-৬/৬০৩১/২৬০(১-১০)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, বাংলাদেশ, ঢাকা।
- উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- জেলা প্রশাসক, যশোর।
- জেলা শিক্ষা অফিসার, যশোর।
- উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, যশোর সদর, যশোর।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের- ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধসহ)
- প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), রুদ্রপুর মাধ্যমিক বিদ্যালয়, রুদ্রপুর, যশোর সদর, যশোর।
- জনাব মুনাল কান্তি সরকার, সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক, রুদ্রপুর মাধ্যমিক বিদ্যালয়, রুদ্রপুর, যশোর সদর, যশোর।
- সংরক্ষণ নথি।

zulfikar

২০-০৬-২০২২
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর